দশম অধ্যায়

প্রাচীন রোম ঃ
সংস্কৃতি, সাহিত্য ও দর্শন

১. আদি-পর্বের রোমান সাহিত্য

প্রাচীন রোমান সাহিত্য বলতে, মূলত প্রাচীন ল্যাটিন সাহিত্যকেই বোঝায়। খ্রিস্ট-পূর্ব তৃতীয় শতাব্দী নাগাদ ল্যাটিন সাহিত্যের বিকাশ ঘটে এবং পরবর্তী দুই শতাব্দীর মধ্যেই প্রাচীন রোমান সাহিত্য একটি নির্দিষ্ট রূপলাভ করে। শিক্ষিত রোমানদের একটি বড় অংশ অবশ্য দ্বিতীয় খ্রিস্টাব্দ পর্যন্ত মূলত গ্রিক ভাষাতেই তাদের রচনা প্রকাশ এবং পাঠ করতে অভ্যস্ত ছিল। ল্যাটিন সাহিত্য প্রায় সবদিক থেকেই গ্রিক সাহিত্যের নানা কাঠামোর ধারাবাহিকতাকে অনুসরণ করেছিল।

প্রসঙ্গত 'ল্যাটিন' ছিল প্রাচীন রোমানদের ভাষা এবং মধ্যযুগ পর্যন্ত ল্যাটিনই ছিল 'লিঙ্গুয়া ফ্রাঙ্কা' (Lingua Franca) বা 'যোগাযোগের ভাষা'। প্রাচীন রোমান সাহিত্য বলতে শুধু সিসেরো, ভার্জিল প্রমুখ রোমান লেখকদের রচনাকেই বোঝায় না। রোমান সাম্রাজ্যের অন্তর্গত অন্যান্য অ-রোমান ইউরোপীয়দের রচনাও প্রাচীন রোমান সাহিত্যের অন্তর্ভুক্ত বলে বিবেচনা করা হয়।

১.১. এ্যান্ড্রোনিকাস

প্রাচীন রোমান সাহিত্যের সূত্রপাত ঘটেছিল কবিতা ও নাটকের হাত ধরে। কমেডি ও ট্র্যাজেডি নাটকের মধ্য দিয়ে এর সর্বোত্তম প্রকাশ ঘটে। ২৪০ খ্রিস্ট-পূর্বাব্দ নাগাদ ল্যাটিন সাহিত্যের বিকাশ ঘটে। গ্রিক নাটকের ল্যাটিন সংস্করণ রোমান দর্শকদের এই সময় আকৃষ্ট করে। প্রসঙ্গত, লিভিয়াস এ্যান্ড্রোনিকাস (Livius Andronicus) নামক জনৈক গ্রিককে বন্দী হিসেবে ২৭২ খ্রিস্টাব্দে রোমে আনা হয়। এ্যান্ড্রোনিকাস হোমারের গ্রিক মহাকাব্য 'ওডিসি' ল্যাটিনে অনুবাদ করেন এবং এর আদি-ল্যাটিন সংস্করণ 'স্যাটারনিয়ান' (Saturnian) নামে পরিচিত হয়ে ওঠে। একজন শিক্ষক হিসেবে রোমে তিনি জীবন শুরু করলেও এরপর তিনি বেশ কয়েকটি ট্র্যাজেডি নাটক রচনা করেন। এগুলি হল— এ্যাকিল্লেস (Achilles), এইগিস্থাস (Aegisthus), এ্যান্ড্রোমেডা (Andromeda), হারমোনিয়া (Harmonia), টেরেউস (Tereus), এ্যান্টিওপা (Antiopa) প্রভৃতি। তার রচিত দুটি কমেডি নাটক হল— ১। গ্ল্যাডিওলাস (Gladiolus), লুডিয়াস (Ludius)। এগুলি ছিল মূলত গ্রিক কাহিনীভিত্তিক এবং গ্রিক

নব্য-কমেডি রচনাশৈলীতে রচিত। তাঁর রচনাগুলি হোমারের সময়কালে বিদ্যালয়ের পাঠ্যবিষয় ছিল। রোমানরা এই স্বল্পদৈর্ঘ্যের কমেডিগুলিকে 'ফ্যাবুলেই প্যাল্লিয়াটেই' (fabulae palliatae) বলে অভিহিত করে। প্রসঙ্গত, 'প্যাল্লিয়াম' নামক একজন গ্রিকাকৃতির কৌতুক অভিনেতারা এগুলি অভিনয় করে দর্শকদের মনোরঞ্জন করতেন। এর থেকেই এগুলির এইরূপ নামকরণ করা হয়। লিভিয়াস এ্যান্ড্রোনিকাসকেই 'প্রথম রোমান কবি'র মর্যাদা দেওয়া হয়। প্রথম পিউনিক যুদ্ধের সম্ভবত তিনি প্রত্যক্ষদর্শী ছিলেন এবং এর উপর তিনি একাধিক কবিতা রচনা করেন।

১.২. নেইভিয়াস

নেইভিয়াস গ্রিক নাটকগুলির রোমান ভাষ্য রচনা ছাড়াও রোমান মিথ ও ইতিহাসভিত্তিক নাটক রচনাতেও পারদর্শিতা প্রদর্শন করেন। তার দুটি বিখ্যাত সৃষ্টি ছিল– 'রোমুলাস ও রেমুস' ও 'ক্ল্যাস্টিডিয়াম' (Clastidium)। এই দুটি ছিল রোমের উৎপত্তি সংক্রান্ত কিংবদন্তীর উপর আধারিত। এছাড়াও তার রচিত কয়েকটি বিখ্যাত ট্র্যাজেডি ছিল 'এইসিওনা' (Aesiona), 'লাইক্যারগাস' (Licargus) এবং কয়েকটি বিখ্যাত কমেডি ছিল 'এ্যাজিটেটোরিয়া' (Agitatoria), 'এ্যাপ্পেলিয়া' (Appelia) প্রভৃতি। প্রসঙ্গত নেইভিয়াসের কবিতা রচনাশৈলীই পরবর্তীকালে ভার্জিল অনুসরণ করেন।

১.৩. কুইন্টাস এন্নিয়াস ও অন্যান্য

আদি ল্যাটিন সাহিত্যের বা 'রোমান সাহিত্যে প্রকৃত প্রতিষ্ঠা'র স্বীকৃতি দেওয়া হয় কুইন্টাস এন্নিয়াসকে (Quintus Ennius)। কুইন্টাসের শ্রেষ্ঠ সৃষ্টি ছিল 'অ্যানালস্ অব রোম' মহাকাব্য। আঠেরোটি খণ্ডে বিভক্ত এই মহাকাব্যটি রোম নগরীর প্রতিষ্ঠা থেকে তার সময়কাল (২০৯-১৬৯ খ্রিস্ট-পূর্বাব্দ) পর্যন্ত ঘটনাবলীর উপর আলোকপাত করেছিল। তিনি ট্র্যাজেডি নাটকের জন্যেও খ্যাতি অর্জন করেছিলেন। তার অন্যান্য কয়েকটি রচনা হল 'এপিকারমাস' (Epicharmus), ইউহেমেরাস (Euhemerus) প্রভৃতি। রোমান ট্র্যাজেডি নাটকের অপর দুই স্রষ্টা 'মারকাস পাকুভিয়াস' (Marcus Pacuvius) এবং লুসিয়াস এক্কিয়াস (Lucius Accius) রোমান ইতিহাসের বিভিন্ন ধারাবাহিক পর্ব অপেক্ষা গ্রিক ট্র্যাজেডির মত ট্র্যাজিক বিষয়ের (Themes) উপর ভিত্তি করে নাটক রচনা করেছিলেন। এরা যখন গ্রিক ট্র্যাজেডিকে অনুকরণ করেন তখনও তার আক্ষরিক অনুবাদ না করে সেগুলিকে রোমান রূপ ও কাঠামো প্রদান করেন।

১.৪. টেরেন্স ও অন্যান্য

ম্যাক্কিয়াস প্লাউটাস (Maccius Plautus) ছিলেন (২৫৪-১৮৪ খ্রিস্ট-পূর্বাব্দ) অপর বিখ্যাত রোমান নাট্যকার যিনি প্রায় ২০টি ল্যাটিন কমেডি রচনা করেন। তার

রচিত কয়েকটি বিখ্যাত কমেডি নাটক ছিল 'ক্যাসিনা' (Casina), 'আসিনারিয়া' (Asinaria), 'এ্যাম্ফিট্রিয়ন' (Amphitryon), 'অউলুল্যারিয়া' (Aulularia) প্রভৃতি। রোমানদের মধ্যে তিনি অত্যন্ত জনপ্রিয়তা অর্জন করেন। টেরেন্স (Terence) ছিলেন অপর বিখ্যাত রোমান কমেডি নাট্যকার। টেরেন্স জনৈক রোমান সেনাপতি ও রাজনীতিবিদ লেইলিয়াস (Lailius) এবং স্কিপিও আফ্রিকানাস-এর পৃষ্ঠপোষকতা লাভ করেন। একজন ক্রীতদাস থেকে নাট্যকার পর্যায়ে উন্নীত টেরেন্স 'এ্যানরিয়া' ('The Girl from Arndroi'), 'হেকাইরা' ('The mother-in-law'), 'ফোর্মিও' ('Phormio'), 'এ্যাডলফোই' ('The Brothers') প্রমুখ নাটক রচনা করেন। টেরেন্সের একটি বিখ্যাত উক্তি ছিল 'I am human, and nothing of that which is human is allien to me'। সম্ভবত মানবতাবাদের পক্ষে এমন বলিষ্ঠ উচ্চারণ প্রাচীন যুগের অন্য কোনো সাহিত্যিকের কণ্ঠে এমনভাবে প্রথম উচ্চারিত হয়।*[১]

আদি পর্বের ল্যাটিন কবিতা সম্পর্কে আমরা পরিচয় লাভ করি ক্যাটো 'দ্য এল্ডার' রচিত 'On Agriculture' (খ্রিস্ট-পূর্ব ১৬০ অব্দে রচিত) থেকে। ক্যাটো প্রথম ল্যাটিন ভাষায় রোম ও অন্যান্য নগরীর ইতিহাস রচনা করেন।*[২]

খ্রিস্ট-পূর্ব প্রথম শতাব্দীর অপর ল্যাটিন নাট্যকার ছিলেন সাইরাস (Syrus)। তার রচিত একটি বিখ্যাত নাটক ছিল 'সেন্টেশিয়ে' (Sententiae)। আদি পর্বের রোমান সাহিত্যের শেষ প্রতিনিধি বলা হয় গেইয়াস লুসিলিয়াসকে (Gaius Lucilius)। তিনি একধরনের নতুন রোমান কবিতাশৈলীর উদ্ভব ঘটান। তার রচিত 'স্যাটায়ার' (৩০টি)গুলিতে এই ধরনের শৈলীর প্রথম প্রকাশ লক্ষ্য করা যায়। তিনি সহজ কথ্যরীতিতে বইপত্র, খাবার-দাবার, বন্ধু-বান্ধব এবং সমসাময়িক ঘটনা সম্পর্কে একটি সুন্দর প্রবন্ধও রচনা করেন।

২. রোমান সাহিত্যের স্বর্ণযুগ বা 'সিসেরোর যুগ'

প্রাথমিকভাবে মনে করা হয়, ৮১ খ্রিস্ট-পূর্বাব্দ থেকে ১৭ খ্রিস্টাব্দ পর্যন্ত সময়কাল রোমান সাহিত্য সর্বোচ্চ পর্যায়ে উন্নীত হয়েছিল। আধুনিক গবেষকরা অবশ্য মনে করেন এই পর্বের পূর্বে এবং পরেও উন্নতমানের সাহিত্য রচিত হয়েছিল।*[৩] এইপর্বের সূচনা সিসেরোর প্রথম বক্তৃতা থেকে শুরু হয় এবং ওভিডের মৃত্যু পর্যন্ত এই পর্ব চলেছিল বলে মনে করা হয়।

২.১. সিসেরো ও সমসাময়িকগণ

সিসেরো (১০৬-৪৩ খ্রিস্ট-পূর্বাব্দ) ছিলেন রোমান প্রজাতন্ত্রের একজন

১। Joseph Twadell Shipley, 'Dictionary of World literature: Critucism, forms, technique'.
২। Andreas Mehl, 'Roman Historigraphy' পৃ. ৫২
৩। Stephen Hinds, 'Allusion and Intertext', পৃ. ৫২-৯৮